দৈনিক সংবাদ

তারিখ 29 FEB 1992
পৃষ্ঠা ... কলাম ...

18

# ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় সংঘর্ষ ।। গুলি ও বোমাবাজি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল শুক্রবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলের একদল ছাত্র ও পলাশী এলাকার একদল যুবকের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ৩০ রাউণ্ড গুলিবর্ষণ ও ব্যাপক বোমাবাজি হয়। তবে এ ঘটনায় হতাহতের কোন খবর পাওয়া যায়নি। পলাশীর মোড়ে প্রায় আধ ঘন্টা স্থায়ী এ সংঘর্ষ চলাকালে পলাশীর মোড় সংলগ্ন সকল রাস্তায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। জনসাধারণ প্রাণভয়ে নিরাপদ আশ্রয়ের দিকে ছুটতে থাকে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, জহুরুল হক হলে বসবাসরত জনৈক বহিরাগত যুবককে কেন্দ্র করে এ সংঘর্ষ বাধে। পলাশী এলাকার এই যুবক দীর্ঘদিন ধরে অবৈধভাবে জহুরুল হক হলে বসবাস করে হলের সন্ত্রাসীদের সহায়তায় স্থানীয় অধিবাসীদের ওপর নানা অত্যাচার করে আসছে বলে স্থানীয় জনসাধারণ অভিযোগ করেন। প্রায় সপ্তাহখানেক আগে এই যুবক পলাশী এলাকার একজনকে ছুরিকাহত করে। এই ঘটনার জের হিসেবে গতকাল বিকেল পাঁচটার দিকে উক্ত যুবক হল থেকে বের হয়ে পলাশীর মোড়ের দিকে গেলে পলাশী এলাকার একদল যুবক তাকে ধাওয়া করে। এ সময় তারা বেশ কয়েক রাউণ্ড গুলিবর্ষণ ও বোমাবাজি করে। খবর পেয়ে জহুরুল হক হলে একদল সশস্ত্র তরুণ হামলাকারীদের পাল্টা আক্রমণ করে। ফলে উভয়পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষ বাধে। সংঘর্ষের মাঝামাঝি পর্যায়ে ঘটনাস্থলে পুলিশের গাড়ি পৌছলে গাড়ি লক্ষ্য করে বোমাবর্ষণ করতে দেখা যায়। প্রায় আধঘন্টা পরে বিকেল সাড়ে ৫টার দিকে পুলিশের হস্তক্ষেপে উভয়পক্ষই স্থান ত্যাগ করে চলে যায়।